বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.bhtpa.gov.bd

স্মারক নং: ৫৬.০২.০০০০.০০০.০০৪.১১.০০১২.২৫-৮২

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ / ১২ অক্টোবর ২০২৫

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য গত ০৮/১০/২০২৫খ্রি. তারিখের ৫৬.০২.০০০০.০০০.০০৪.১১.০০১২.২৫-৭১ নং স্মারক মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিটি আংশিক সংশোধনপূর্বক পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bhtpa.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | সহকারী পরিচালক (প্রশাসন)<br>(গ্রেড-৯)<br>বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২. | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>(গ্রেড-১০)<br>বেতনস্কেল : ১৬,০০০-৩৮,৬৪০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৩. | উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)<br>(গ্রেড-১০)<br>বেতনস্কেল : ১৬,০০০-৩৮,৬৪০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৪. | সার্ভেয়ার<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-সার্ভে-ইঞ্জিনিয়ারিং;<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |

**২. নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদের প্রার্থীর জন্য ২৮.০৯.২০২৫ ইং তারিখে সর্বোচ্চ বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বৎসর। তবে ক্রমিক ১নং পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ. চাকুরির আবেদন ফরমে (Applicants Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

ঘ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন/পরিবর্তন হলে তা অনুসরণ করা হবে।

ঙ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

চ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

ছ. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের সকল শূন্য পদ পূরণে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ অনুসরণ করা হবে।

জ. বিস্তারিত সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.bhtpa.gov.bd), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইট (www.ictd.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লি: এর (http://bhtpa.teletalk.com.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

ঝ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঞ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লেখ্য, ইতোপূর্বে যে সকল প্রার্থী অনলাইনে আবেদনপত্র দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

**৩. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bhtpa.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯ অক্টোবর, ২০২৫ সকাল ০৯:০০ টা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৯ অক্টোবর, ২০২৫ বিকাল ০৫:০০ টা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-৩ নং ক্রমিকের পদের পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩ (তেইশ) টাকা মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ৪নং ক্রমিকের পদের পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২ (বার) টাকা মোট ১১২ (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম **SMS: BHTPA<space> User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: BHTPA ABCDEF**

Reply: Applicant's Name, TK-223/112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxx
To pay fee Type BHTPA<space>YES<space>PIN and send to 16222.

দ্বিতীয় **SMS: BHTPA<space>YES<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: BHTPA YES xxxxxxxx**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BHTPA Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/bhtpa.teletalk.com.bd অথবা www.bhtpa.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষা, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BHTPA<space>Help<space>USER<space>USER ID & Send to16222.

Example: BHTPA HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: BHTPA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: BHTPA HELP PIN 12345678

**৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবিসহ নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

খ. প্রার্থী যেই ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

গ. কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

ঘ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা নবম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

চ. Online-এ পুরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

**৫.** উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

(এস, এম, ফরিদ উদ্দিন)
পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

স্মারক নং: ৫৬.০২.০০০০.০০০.০০৪.১১.০০১২.২৫-৮২

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ / ১২ অক্টোবর ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় (মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সিনিয়র প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (বিভাগের ওয়েবসাইটে প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)।

৪। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)।

৫। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। অফিস কপি।

(এস, এম, ফরিদ উদ্দিন)
পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
ফোন: ৫৫০০৬৯৫৫

**তফসিল-২**

[প্রবিধান ২(চ) দ্রষ্টব্য]

সহকারী পরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (প্রকিউরমেন্ট), সহকারী পরিচালক (বিনিয়োগ), সহকারী পরিচালক, হিসাবরক্ষণ কর্মকর্তা, সহকারী প্রকৌশলী (ই/এম), সহকারী প্রকৌশলী (সিভিল), রিসার্চ অফিসার ও জনসংযোগ কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি।

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৪৫ | ৫০% | ১২০ মিনিট |
| | ২। ইংরেজি | ৪৫ | | |
| | ৩। গণিত / পদ সংশ্লিষ্ট কারিগরি বিষয় | ৫০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ৩০ | | |
| | মোট নম্বর = | ১৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | **সর্বমোট=** | **২০০** | | |

ব্যাখ্যা।— লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

**তফসিল-৩**

[প্রবিধান ২(চ) দ্রষ্টব্য]

উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), প্রশাসনিক কর্মকর্তা, উপ-সহকারী পরিচালক, লাইব্রেরিয়ান, হিসাবরক্ষক, স্টোর কিপার, সার্ভেয়ার, রিসিপসনিষ্ট, কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও ব্যক্তিগত সহকারী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি।

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৩০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ৩০ | | |
| | ৩। গণিত / পদ সংশ্লিষ্ট কারিগরি বিষয় | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট নম্বর = | ১০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | **সর্বমোট=** | **১১০** | | |

ব্যাখ্যা।— (১) লিখিত পরীক্ষায় এবং, ক্ষেত্রমত, তফসিল-৪ এ বর্ণিত কম্পিউটার অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

(২) কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে মাইক্রোসফট অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে।

6